গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
কিশোরগঞ্জ, নীলফামারী

স্মারক নং- ০৫.৪৭.৭৩৪৫.০০১.০০১.২৪-৮৫১ তারিখ: ২৪ জুলাই ২০২৫

**সভার নোটিশ**

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ৩০ জুলাই ২০২৫ খ্রিঃ বুধবার বিকাল ০৪.০০ ঘটিকায় উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে নিম্নস্বাক্ষরকারী-এর সভাপতিত্বে জুলাই/২০২৫ খ্রিঃ এর মাসিক সমন্বয় সভার অনুষ্ঠিত হবে। উক্ত সভায় স্ব-স্ব দপ্তর এর কর্মপরিকল্পনা, বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কিত তথ্যসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভায় সকল সম্মানিত সদস্য এবং বিভাগীয় কর্মকর্তাগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য বিষয়:**
০১। গত সভার সিদ্ধান্ত পাঠ ও অনুমোদন
০২। বিভিন্ন বিভাগীয় কার্যক্রম আলোচনা
০৩। বিবিধ

24.7.25
**(প্রীতম সাহা)**
উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:-

০১। জেলা প্রশাসক, নীলফামারী
০২। চেয়ারম্যান, বড়ভিটা/পুটিমারী/নিতাই/বাহাগিলি/চাঁদখানা/কিশোরগঞ্জ/রনচন্ডি/গাড়াগ্রাম/মাগুড়া ইউ.পি কিশোরগঞ্জ, নীলফামারী
০৩। ..................................................................কিশোরগঞ্জ, নীলফামারী
০৪। অফিস কপি

# কিশোরগঞ্জ উপজেলা পরিষদের জুলাই /২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব প্রীতম সাহা, প্রশাসক, উপজেলা পরিষদ, কিশোরগঞ্জ, নীলফামারী
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, কিশোরগঞ্জ।

তারিখ : ৩০ জুলাই ২০২৫ খ্রিঃ
সময় : বিকাল ০৩.০০ ঘটিকা।

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও 'খ' তে দেখানো হলো।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার সভার প্রারম্ভে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। শুনানী অন্তে কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

বিভাগীয় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত সমূহঃ

| ক্রঃ নং | বিভাগ/দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলায় এবছর ১৫৯০২ হেক্টরের মধ্যে এ পর্যন্ত ৮৩৫০ হেক্টর আমন ধান রোপন হয়েছে। কৃষকসহ জনসাধারণের মাঝে ইউক্যালিপটাস ও আকাশমনির গাছ নিষিদ্ধকরণের সরকারি প্রজ্ঞাপনসহ ক্ষতিকর দিকসমূহ উল্লেখ করে রোপন না করার জন্য পরামর্শ দেয়া হচ্ছে। নিয়মিত কৃষক গ্রুপের সাথে মিটিং করে সমসাময়িক কৃষি বিষয় পরামর্শ প্রদান করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার |
| ০২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা (ভাঃপ্রঃ) সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সকল কার্যক্রম সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। বহিঃবিভাগে রোগীর সংখ্যাঃ ১০২০০ জন, অন্তঃ বিভাগে রোগীর সংখ্যাঃ ১০৮৪ জন, জরুরী বিভাগে রোগীর সংখ্যাঃ ১৪৬৭ জন, ০২ টি উপ-স্বাস্থ্য কেন্দ্রের রোগীর সংখ্যাঃ ৮৪৯ জন, ৩৫ টি কমিনিটি ক্লিনিকের রোগীর সংখ্যাঃ ৯৭০২ জন, স্বাভাবিক ডেলিভারীর সংখ্যাঃ ৩২ জন, সিজার ০১ জন, এক্সরে রোগীর সংখ্যাঃ ৪১ জন, আলট্রাসনোগ্রাম ০০ জন, ইসিজি রোগীর সংখ্যাঃ ১১ জন, ডায়রিয়া রোগীর সংখ্যাঃ ১৬৫ জন। হাসপাতালের প্রতিটি বিভাগে জনবল সংকট থাকায় হাসপাতালের সকল সেবাদান কার্যক্রম চালাতে হিমশিম খেতে হয়। জরুরি বিভাগ ও অন্ত বিভাগে বিভিন্ন চিকিৎসা সেবা সঠিক ভাবে পরিচালিত হচ্ছে। স্বাস্থ্য সেবা সহ সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, সংশ্লিষ্ট সকল |
| ০৩ | প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী ২০২৫-২৬ অর্থবছরের বরাদ্দ পাওয়া যায়নি অত্র উপজেলায় জনগুরুত্বপূর্ণ গ্রাম সড়ক-এ টাইপ এর ০৪ টি সড়ক= ৫.৫০ কিমি ও গ্রাম সড়ক-বি এর ২০ টি সড়ক= ১৯.৭০ কিমি, মোট=২৫.২০ কিমি রাস্তা এলজিইডির রোড ইনভেন্টরিতে অন্তর্ভুক্তির প্রস্তাব পাওয়া যায়। অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। | রাস্তা নতুন ভাবে আইডি ভুক্ত করার পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ক) উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪ | প্রাথমিক শিক্ষা অফিস | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার সভায় জানান, প্রত্যকটি বিদ্যালয়ে সিটিজেন চার্টার বিদ্যালয় সমূখে প্রদর্শন করবার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। স্থানীয় অভিভাবক গণ চার্টার অনুযায়ী প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারে এছাড়া বাংলা ও ইংরেজী রিডিং পড়া ও লেখা এবং সেই সাথে গণিত বিষয়ে মুল/বেসিক ধারণা পেতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদেক্ষেপ গ্রহণ করা হয়েছে। এছাড়াও ১২৮ টি বিদ্যালয়ে মাল্টিমিটিয়া ও প্রজেক্টর বিতরণ করা হয়েছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫ | মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান, শিক্ষা প্রতিষ্ঠানে ইতিমধ্যে একটি ফলজ ও একটি বনজ বৃক্ষ রোপণ কর্মসূচী ব্যস্তবায়ন করা হয়েছে। গ্রীন কিশোরগঞ্জ বাস্তবায়নের লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণের সাথে আলোচনা চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের ঝড়ে পড়ার জন্য অভিভাবক সমাবেশ আয়োজনের ব্যবস্থা গ্রহণ পরামর্শ দাওয়া হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মাধমিক শিক্ষা অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ০৬ | উপজেলা সমাজ সেবা অফিস | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা সভায় জানান যে, রোগী কল্যাণ সমিতির মাধ্যমে নরমাল ডেলিভোরি উৎসাহিত করার জন্য ৪০ টি কিটস্ প্রদান করা হয়েছে ২২ (বাইশ) জন প্রতিবন্ধি ব্যক্তিকে ২২ (বাইশ) টি হুইল চেয়ার প্রদান | সরকারী নির্দেশনা মোতাবেক দপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য | উপজেলা সমাজসেবা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করা হয়েছে। ০৪ জন ভিক্ষুককে ০৪ টি মুদির দোকানের মাধ্যমে পূর্ণবাসিত করা হয়েছে এবং ০৫ জন ভিক্ষুক কে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা প্রদান করা হয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | অনুরোধ করা হয়। | |
| ০৭ | মৎস্য অফিস | উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাতীয় মৎস্য সপ্তাহ ২০২৫ খ্রিঃ এর কার্যক্রম ২২-২৮ জুলাই/২০২৫ পূর্ব নির্ধারিত কর্মসূচী স্থগিত হয়। রাষ্ট্রীয় শোকের কারনে স্থগিত করা হয়। পরবর্তী সময়ে জাতীয় মৎস্য সপ্তাহের তারিখ ঘোষনা করা হবে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ০৮ | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা সভায় জানান যে, সরকারি ভাবে কৃত্রিম প্রজনন সম্প্রাসরণ (এপিএ) অনুযায়ী প্রদান তরল সিমেন দ্বারা ৮.৩৯%, হিমায়িত সিমেন দ্বারা ০৭.১৪%, গবাদি পশুর (সংখ্যা) ৪.০৭%, হাঁস মুরগী (সংখ্যা) ১.৬২%,গবাদি পশুর চিকিৎসা প্রদান (সংখ্যা) ৮.১৭% ,হাঁস মুরগির চিকিৎসা প্রদান (সংখ্যা) ৮.৮৩% খামারী প্রশিক্ষণ প্রদান ০%, পোষাপ্রানীর চিকিৎসা প্রদান ৫.০০%, উঠান বৈঠক ৫.৩৬%, ডিম উৎপাদন ৬.২৮%, দুধ উৎপাদন ০৯.২৯% ও অন্যান্য কার্যক্রম সুষ্টভাবে চলমান রয়েছে। | সরকারের লক্ষ্য বাস্তবায়নে কাজ করার জন্য পরার্মশ দেয় হয়। | প্রাণী সম্পদ অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ০৯ | পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক চলমান রয়েছে। দপ্তরের সাংগটনিক কার্যক্রম নিয়ম নীতি মধ্যে ঋণ আদায় বিতরণ চলমান রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্টভাবে চলমান। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র কার্যালয়ের অধীনে বর্তমান কার্যক্রম এর মধ্যে বিগত অর্থবছরের সেতু/কালভার্ট প্রকল্পের ০২ টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। এ ছাড়া তিস্তা নদীর পানি প্রবাহ উচ্চতা ও বিপদ সীমার অতিক্রম করায় সম্ভব বন্যার আশঙ্কায় সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান গণকে নিজ নিজ ইউনিয়নের দূর্যোগ ও ব্যবস্থপনা কমিটির সভা করে কার্যবিবরনী দাখিলের জন্য সভায় অনুরোধ করা হলো। নতুন ২০২৫-২০২৬ অর্থবছরের বরাদ্দ পাওয়া যায়নি। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১১ | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, অত্র অফিসের কার্যক্রম চলমান। প্রশিক্ষণর্থীর সংখ্যা- ১৪,০৯৪ জন, যুব ঋণ মোট বিতরণ ১,৮৫,৭০,৪০০/-( এক কোটি পচাশি লক্ষ সায়াত্তর হাজার চারশত) টাকা, আদায় হার ৮৩% যুব ঋণ পরিবার ভিত্তিক মোট বিতরণ ১৪,৯৬,১৪৫ (চৌদ্দ লক্ষ ছিয়ানব্বই হাজার একশত পঁয়তাল্লিশ) টাকা, রেজিষ্ট্রেশনকৃত সংঘটনের সংখ্যা-১৪ (চৌদ্দ) টি। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান আছে। | সরকারী নীতিমালা অনুযায়ী যথাসময়ে নির্ধারিত কার্যক্রম সম্পন্ন করার জন্য অনুরোধ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১২ | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (অতিঃদা) সভায় জানান যে, অত্র অফিসের মাধ্যমে বাল্য বিবাহ, নারী নির্যাতন প্রতিরোধে নিয়মিত উঠান বৈঠক হচ্ছে। ভিডব্লিউবি ২০২৫-২০২৬ চক্রের পূর্বের ভিজিটি কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। খাদ্য বরাদ্দ পাওয়া গেছে তালিকা দেখে কার্ড প্রস্তুত চলমান। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৩ | পরিবার পরিকল্পনা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, সেবা কার্যক্রম খাবার বড়ি সুখী- ৫৪৬ চক্র, খাবার বড়ি (আপন) ১০৩ চক্র, কনডম ৫১৯১ পিস, ইনজেকটেবলস ৯৮৭ (ভয়াল), ইমপ্ল্যান্ট ০০ জন, আইইউডি ০৩ জন, সক্ষম দম্পতি ৫৪,৯৭৮ মোট পদ্ধতি গ্রহণকারী ৪৩,৬২৭ জন, মোট গভবর্তী ১৬৯৪ জন, গভবর্তী সেবা প্রদান ৮৪৭ জন, নরমাল ডেলিভারী ১২৬ জন, সিজারিয়ান ৯৭ জন,প্রাতিষ্ঠানিক ডেলিভারী ৬০ জন, শিশু সেবা ২৭৮ জন, কিশোর-কিশোরীর বয়োসন্ধিকালীন সেবা ৪২৬ জন ও সাধারণ রোগীর সেবা ৬২৩ জন কে প্রদান করা হয়। অন্যান্য কার্যক্রম সুষ্ঠভাবে চলমান আছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ১৪ | খাদ্য নিয়ন্ত্রক অফিস | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসার সভায় জানান যে, আগামী সেপ্টেম্বর/২০২৫ মাসের খাদ্য বান্ধব এর চাল সাধারণ ভোক্তাদের মাঝে বিতরণ করা হবে। সে লক্ষ্যে খাদ্য বান্ধব ডিলার নিয়োগের জন্য দ্রুত যাচাই-বাচাই সম্পন্ন করার জন্য মহোদয়ের দৃষ্টি কামনা করছি। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা ও সংশ্লিস্ট সকল। |
| ১৫ | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিসের প্রতিনিধি সভায় জানান যে, জিপিএস ও পিইডিপি -০৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয় মোট ৪৮ টি ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে। PSWSE- এর আওতায় ১৬ টি কমিউনিটি ভিত্তিক পানি সরবারহ প্রকল্পের অবকাঠামো কাজ বিভিন্ন পর্যায় চলমান রয়েছে। হ্যান্ড টিউবয়েল এর জন্য আবেদন কারিগণের তথ্য সরেজমিনে যাচাই এর কাজ চলমান। কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস ও সংশ্লিস্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | উপজেলা সমবায় অফিস | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, অত্র উপজেলা সমবায় সমিতিসমূহ নিয়মিত শেয়ার, সঞ্চয় সংগ্রহের মাধ্যমে মূলধন গঠন করে তাদের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটাচ্ছে।সমবায় অফিস নিয়মিত অডিট, সমিতি তদারকি ও সমবায়ীদের কে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কাযর্ক্রম অব্যাহত রেখেছে। মোট ২৫ জন সমবায়ীকে ভ্রামমাণ প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। যথাযোগ্য মর্যাদায় সুষ্ঠুভাবে উৎযাপন হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭ | আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, জুলাই/২০২৫ মাসের অন্যান্য কারিগরি ও পেশাভিত্তিক প্রশিক্ষণ বন্ধ রয়েছে। নীলফামারী জেলা কার্যালয়ে ৮০ জন প্রশিক্ষনার্থীর কোর্স প্রশিক্ষণ শুরু হয়েছে। অত্র উপজেলা হতে ১৩ জন প্রশিক্ষণর্থী কোর্সে অংশ গ্রহন করেছে। আইন-শৃঙ্খলা রক্ষার্থে নিয়মিত দায়িত্ব পালন চলমান। বর্তমানে বিভিন্ন প্রশিক্ষণ বন্ধ রয়েছে। অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কাজ সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | আনসার ভিডিপি অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ১৮ | পরিসংখ্যান অফিস | উপজেলা সহকারী পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, রাষ্ট্রীয় অতিগুরুত্বপূর্ণ পাবলিক ওপেনিয়ান ন্যাশনাল রিফর্ম সার্ভে কাযক্রম সারা দেশের ন্যায় কিশোরগঞ্জ উপজেলাতে ১০/০৭/২০২৫ খ্রিঃ তারিখ হতে ১৮/০৭/২০২৫ তারিখ পর্যন্ত মাঠ পর্যায়ে পরিচালিত হয়েছে। সাধারণ নাগরিকদের সুনিশ্চত মতামত সঠিক ভাবে সার্ভের মাধ্যমে তুলে আনা হয়েছে। | সরকারী নির্দেশনা মোতাবেক কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করা হয়। | পরিসংখ্যান অফিস ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | বিবিধ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের অভ্যন্তরের নিরাপত্তার স্বার্থে সৌর বিদ্যুৎ স্ট্রীক লাইট স্থাপনের প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরনের প্রস্তাব করেন। | রাজস্ব তহবিলের অর্থায়নে প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় পত্র প্রেরনের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | সংশ্লিষ্ট সকল। |
| ২০ | উপজেলা রাজস্ব তহবিল | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, প্রশাসনিক ভবন ও কোয়াটারের অভ্যন্তরে বৈদ্যুতিক সরঞ্জামদি ২২,৬২০/-( বাইশ হাজার ছয়শত বিশ) টাকা, আনসার সেডে পানির পাম্প স্থাপন ব্যয় ৮২০০/-(আট হাজার দুইশত) টাকা অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | ব্যয়সমূহ অত্যাবশ্যকীয় ও যৌক্তিক হওয়ায় সমন্বয়ের জন্য অনুমোদন দেয়া হয়। | সংশ্লিষ্ট সকল। |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

৩১.৮.২৫

(প্রীতম সাহা)
প্রশাসক
উপজেলা পরিষদ
কিশোরগঞ্জ,নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
কিশোরগঞ্জ, নীলফামারী
unokishoreganjnilphamari@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৭.৭৩৪৫.০০১.৪৬.০৪১.২৪- ৮৭১ তারিখঃ ৩১/০৮/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০৪। জেলা প্রশাসক, নীলফামারী
০৫। উপজেলা ........................................ কর্মকর্তা, কিশোরগঞ্জ, নীলফামারী
০৬। চেয়ারম্যান ........................................ (সকল) ইউপি, কিশোরগঞ্জ, নীলফামারী

৩১.৮.২৫

উপজেলা নির্বাহী অফিসার
কিশোরগঞ্জ, নীলফামারী।

## কিশোরগঞ্জ উপজেলা পরিষদের সাধারণ সভার হাজিরা সীট।

তারিখ ৩০/০৭/২০২৫ খ্রি:

| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর | স্বাক্ষর (পক্ষে প্রতিনিধি) | (অনুপস্থিতির মন্তব্য) |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ০২ | চেয়ারম্যান<br>বড়ভিটা ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |
| ০৩ | চেয়ারম্যান<br>পুটিমারী ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |
| ০৪ | চেয়ারম্যান<br>নিতাই ইউপি<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | [signature] | | |
| ০৫ | চেয়ারম্যান<br>বাহাগিলি ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | [signature] | | |
| ০৬ | চেয়ারম্যান<br>চাঁদখানা ইউপি ,কিশোরগঞ্জ, | | | |
| ০৭ | চেয়ারম্যান<br>কিশোরগঞ্জ ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | [signature] | | |
| ০৮ | চেয়ারম্যান<br>রণচন্ডী ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | [signature] | | |
| ০৯ | চেয়ারম্যান<br>গাড়াগ্রাম ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | [signature] ৩০/৭/২৫ | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০ | চেয়ারম্যান<br>মাগুড়া ইউপি<br>কিশোরগঞ্জ, নীলফামারী। | | | |
| ১১ | উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১২ | উপজেলা কৃষি অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৩ | উপজেলা প্রকৌশলী<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৪ | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৫ | উপজেলা মৎস্য অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৬ | উপজেলা শিক্ষা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৭ | উপজেলা সমাজসেবা অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা<br>অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ১৯ | উপজেলা পরিবার পরিকল্পনা<br>অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২০ | উপজেলা যুব উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২১ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২২ | উপজেলা সমবায় অফিসার<br>কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৩ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৪ | উপজেলা মহিলা বিষয়ক অফিসার,কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৫ | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৬ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কিশোরগঞ্জ,নীলফামারী | | | |
| ২৭ | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৮ | উপ বিভাগীয় প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ২৯ | উপ সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩০ | উপজেলা পরিসংখ্যান অফিসার কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩১ | ফরেষ্টার, সামাজিক বনায়ন ও নার্সারী কেন্দ্র কিশোরগঞ্জ,নীলফামারী। | | | |
| ৩২ | উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা কিশোরগঞ্জ, নীলফামারী | | | |
| ৩৩ | তথ্য আপা | | | |
| ৩৪ | উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) | | | |
| ৩৫ | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক কিশোরগঞ্জ, নীলফামারী | | | |